

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ আগস্ট ২০১৪/০৫ ভাদ্র ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪.১৩৪ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যাবলি চিহ্নিতকরণ ও সম্পাদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে ওয়ার্কিং-গ্রুপকে সহায়তা করার নিমিত্ত আটটি সাব-গ্রুপ নিম্নরূপভাবে গঠন করেছে:

(১) ইন্টারন্যাশনাল অবলিগেশনস, লিগ্যাল এন্ড রেগুলেটরি অ্যাসপেক্টস এবং নিউক্লিয়ার সেফটি এন্ড সিকিউরিটি (International Obligations, Legal and Regulatory Aspects and Nuclear Safety and Security) সাব-গ্রুপ :

(ক) সাব-গ্রুপ-এর গঠন:

(১) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	আহ্বায়ক
(২) প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি	সদস্য
(৩) পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
(৪) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের একজন প্রতিনিধি	সদস্য
(৫) পরিবেশ ও বন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
(৬) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
(৭) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সংশ্লিষ্ট প্রতিনিধিবৃন্দ	সদস্য
(৮) উপ-প্রযুক্তি উপদেষ্টা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
(৯) বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সংশ্লিষ্ট প্রতিনিধিবৃন্দ	সদস্য
(১০) প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন (১ম পর্যায়) প্রকল্প, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য-সচিব

(খ) সাব-গ্রুপ-এর কার্যপরিধি:

- (১) বাংলাদেশ পরমাণু শক্তি আইন ২০১২-এর অধীন বিধিমালা ও প্রবিধানমালাসহ যাবতীয় প্রবিধি ও সংবিধি চূড়ান্তকরণ এবং রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে যথাযথ আইন প্রণয়নে উদ্যোগ গ্রহণ;
- (২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় International Legal Instruments চিহ্নিতকরণ এবং সেগুলো স্বাক্ষরের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- (৩) একটি কার্যকর, স্বাধীন এবং উপযুক্ত নিউক্লিয়ার রেগুলেটরি বডি স্থাপনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- (৪) দেশে পারমাণবিক সেফটি কালচার গড়ে তোলার লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ;
- (৫) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র সংশ্লিষ্ট স্থাপনাসমূহ এবং পারমাণবিক দ্রব্যাদি পরিবহন ও গুদামজাতের জন্য উপযুক্ত ফিজিক্যাল প্রটেকশন ব্যবস্থা গড়ে তোলার নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণ;
- (৬) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 1, 2, 5, 6, 7, 8, 14 এবং 15 অনুসরণ করবে;

(গ) সাব-গ্রুপ প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

3

(২) মালিকানা/ইনস্টিটিউশনাল ফ্রেমওয়ার্ক (Ownership/Institutional Framework) সাব-গ্রুপ :

(ক) সাব-গ্রুপ-এর গঠন:

(১) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	আহ্বায়ক
(২) প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি	সদস্য
(৩) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের একজন প্রতিনিধি	সদস্য
(৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
(৫) জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
(৬) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের একজন প্রতিনিধি	সদস্য
(৭) পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
(৮) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সংশ্লিষ্ট প্রতিনিধিবৃন্দ	সদস্য
(৯) বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সংশ্লিষ্ট প্রতিনিধিবৃন্দ	সদস্য
(১০) উপ-প্রযুক্তি উপদেষ্টা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
(১১) প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন (১ম পর্যায়) প্রকল্প, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য-সচিব

(খ) সাব-গ্রুপ-এর কার্যপরিধি:

- (১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ের কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অর্গানাইজেশন অবয়ব প্রতিষ্ঠা করা;
- (২) সাইট নিরাপত্তা প্রতিবেদন চূড়ান্তকরণ এবং প্রকল্প এলাকার ভৌত অবকাঠামো উন্নয়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- (৩) প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালনার বিষয়ে সুপারিশমালা প্রণয়নের জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ;
- (৪) প্রকল্প বাস্তবায়নে দেশীয় প্রতিষ্ঠানসহ প্রযুক্তি সরবরাহকারীর সহযোগিতার ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- (৫) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1 -এর Infrastructure Issues 3 অনুসরণ করবে;

(গ) সাব-গ্রুপ প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩

